# দৈনিক বাংলা

তারিখ 12 MAY 1996
পৃষ্ঠা কলাম

02

## উত্তীর্ণ প্রশিক্ষকদের নিয়োগ দান করা হোক

আমরা গত ৮-৯-৯৫ইং তারিখে পরীক্ষ বিদ্যালয়ের 'শিক্ষক' পদের জন্য লিখিত পরীক্ষা দেই। এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে গত ২৭-১০-৯৫ইং তারিখে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করি। এখানে উল্লেখ্য যে, উত্তীর্ণদের মধ্য থেকে ৫৪ জন শিক্ষককে নিয়োগ দেয়ার কথা ছিল। কিন্তু গত জানুয়ারী '৯৬-এ মাত্র ২৭ জনকে নিয়োগ দেয়া হয়েছে। খোঁজ নিয়ে জানা গেছে, অবশিষ্ট ২৭ জনকে প্যানেলভুক্ত করে রাখা হয়েছে এবং বলা হয়েছে, তাদের পরে নিয়োগ দেয়া হবে। কিন্তু দুঃখের বিষয় আজ ৪/৫ মাস অতিক্রান্ত হল, অথচ এ পর্যন্ত অবশিষ্ট ২৭ জনকে নিয়োগ দেয়া হয়নি।

এ দিকে দীর্ঘ এই ৪/৫ মাসের মধ্যে আমাদের অনেকেরই সরকারী চাকরির বয়স পার হয়ে গেছে। এ কারণে চরম অনিশ্চয়তা এবং দুশ্চিন্তার মধ্যে আছি। এ অবস্থায় তত্ত্বাবধায়ক সরকারের শিক্ষা উপদেষ্টা এবং প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালকের কাছে আকুল আবেদন, প্যানেলভুক্ত অবশিষ্ট ২৭ জন শিক্ষককে দ্রুত নিয়োগদানের ব্যবস্থা করে আমাদের দুশ্চিন্তামুক্ত করুন।

সনজিৎ কুমার দত্ত
রোল নং-১১৯৪ (ঝিনাইদহ)
৪১৫, জগন্নাথ হল
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা